FACEBOOK

আপনার আইডিতে আর কে ঢুকছে


ফেসবুক নিজেই লিখে রাখে, আপনার আইডিতে এই মুহূর্তে কোন কোন ডিভাইস থেকে ঢোকা আছে, কোন শহর থেকে আর কখন। দেখতে এক মিনিটও লাগে না, আর পুরোটা ফোনেই হয়। নিচের ছবিগুলো আসল স্ক্রিন থেকে নেওয়া, শহরের নাম ঢেকে দেওয়া হয়েছে।

01 শুরু করার আগে

কম্পিউটার লাগবে না	পুরো কাজটা ফেসবুকের মোবাইল অ্যাপেই হয়।
সময়	দেখতে এক মিনিট। দুইটা সেটিং বদলাতে আরও দুই মিনিট।
নামের হেরফের	ফেসবুক মাঝে মাঝে স্ক্রিনের নাম বদলায়। এই গাইডের নামগুলো নভেম্বর ২০২৬ এর অ্যান্ড্রয়েড অ্যাপ থেকে নেওয়া।


02 তালিকাটা কোথায়

1 অ্যাপের মেনু খুলে নিচে নামুন। `Settings and privacy`, তারপর `Settings`।




মেনুর নিচের দিকে Settings and privacy, তার ভিতরে Settings।

2 উপরে `Your account` এর নিচে `Meta Account`। ওখানে চাপ দিন।




পাসওয়ার্ড আর নিরাপত্তার সব কিছু এই একটা জায়গার ভিতরে।

3 **Login and security** স্ক্রিনটা খুলবে। এই এক স্ক্রিনেই আজকের তিনটা কাজ আছে।




Change password আর Two-factor authentication এখানেই। নিচে নামলে তালিকাটা।

4 নিচে নামলে **Security checks**, তার ভিতরে **Where you're logged in**।




এটাই সেই তালিকা।

5 প্রোফাইলের তালিকা আসবে। নিজের প্রোফাইলে চাপ দিন। উপরে যদি লাল সতর্কবার্তা থাকে, ফেসবুক নিজেই অচেনা লগইন পেয়েছে।



উপরের সতর্কবার্তাটা ফেসবুকের নিজের, আপনার কিছু করতে হয়নি।

6 এবার প্রতিটা লাইনে ডিভাইসের নাম, শহর আর সময়। অচেনা কিছু থাকলে নিচের **Select devices to log out** দিয়ে বের করে দিন।




Profile login activity। শেষ লাইনটাই লগ আউট করার বোতাম।

03 লগ আউট করেই থেমে যাবেন না

লগ আউট করা মানে শুধু চলতি সেশনটা বন্ধ করা। যে ঢুকেছিল তার কাছে যদি পাসওয়ার্ড থাকে, সে পরের মিনিটেই আবার ঢুকতে পারে। তাই দুইটা কাজ বাকি, দুইটাই ওই একই **Login and security** স্ক্রিনে।

Change password	নতুন পাসওয়ার্ড দিন, আর সেটা অন্য কোনো সাইটে ব্যবহার করবেন না।
Two-factor authentication	চালু করলে অচেনা ডিভাইস থেকে ঢুকতে গেলে একটা কোড লাগবে। পাসওয়ার্ড চুরি হলেও কোডটা ছাড়া কেউ ঢুকতে পারবে না।



চালু থাকলে স্ক্রিনের উপরে লেখা থাকে Two-factor authentication is on।

04 কোনটা দেখে সন্দেহ করবেন

অচেনা ডিভাইস	যে ফোন বা কম্পিউটার আপনার নেই, বা যেটা অনেক আগে বিক্রি করে দিয়েছেন।
অচেনা শহর	এমন জায়গা যেখানে আপনি কখনো যাননি। তবে মোবাইল নেটওয়ার্কের কারণে পাশের জেলার নাম আসা স্বাভাবিক।
অদ্ভুত সময়	রাত তিনটার লগইন, যখন আপনি ঘুমিয়ে ছিলেন।

পুরনো সেশন	মাসের পর মাস ধরে পড়ে থাকা লগইন, যেটা আপনি আর ব্যবহার করেন না। ওগুলোও বের করে দিন।

বাংলাদেশে রিপোর্ট হওয়া সাইবার অপরাধের মধ্যে সবচেয়ে বেশি হয় সোশ্যাল মিডিয়া আর অনলাইন অ্যাকাউন্ট হ্যাক, ২১.৬৫ শতাংশ। সূত্র: Cyber Crime Awareness Foundation এর গবেষণা, এপ্রিল ২০২৩ থেকে এপ্রিল ২০২৪, ১৩২ জন ভুক্তভোগীর সাক্ষাৎকারের ভিত্তিতে।
